


গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
 ০৬ নং পাঁচুড়িয়া ইউনিয়ন পরিষদ
 ডাকঘর: গড়াই চাঁদড়া, আলফাডাঙ্গা, ফরিদপুর।
 মোবাইল: ০১৯৩৩০২৩৩৩৫
 E-mail: pachuriaup@gmail.com

আলোচনা ও সিদ্ধান্ত সমূহ নিম্নরূপঃ

ক্রমসং	আলোচ্য বিষয় ও আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
০১	বিগত সভার কার্য বিবরণী পাঠ ও অনুমোদনঃ অধ্যকার সভার সভাপতি জনাব মোঃ সাইফুর রহমান উপস্থিত সকলকে আন্তরিক শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। এর পর তিনি বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান। এতে কারো কোন আপত্তি না থাকায় তাহা সর্বসম্মত ভাবে গৃহীত হয়। সভাপতি সাহেব সকলকে আলোচ্য বিষয় সমূহ সম্পর্কে প্রাপোবন্ত আলোচনায় অংশ নেওয়ার জন্য অনুরোধ জানান।	উক্ত প্রস্তাব সর্ব সম্মতি ক্রমে গৃহীত হয়	জনাব মোঃ সাইফুর রহমান (প্যানেল চেয়ারম্যান-১) ও সদস্যবৃন্দ, ০৬ নং পাঁচুড়িয়া ইউপি
০২	বয়স্ক, বিধবা ও প্রতিবন্ধী ভাতাভোগীদের লাইফ ভেরিফিকেশন বিষয়ে অবহিতকরনঃ সভাপতি সাহেব জানান যে, অত্র ইউনিয়নে যারা বয়স্ক, বিধবা ও প্রতিবন্ধী ভাতাভোগী রয়েছে তাদের লাইফ ভেরিফিকেশন হবে মর্মে উপজেলা সমাজসেবা কার্যালয় থেকে মৌখিকভাবে জানানো হয়েছে। সে মোতাবেক আগামী ২৫/০৯/২০২৪ তারিখ ১ থেকে ৫ নং ওয়ার্ডের ভাতাভোগীদেরকে বেড়িরহাট বাজার সংলগ্ন খুলজুড়ী সরকারী প্রাথমিক বিদ্যালয়ে এবং বাকি ৬ থেকে ৯ নং ওয়ার্ডের ভাতাভোগীদেরকে পাঁচুড়িয়া ইউনিয়ন পরিষদ কার্যালয়ে প্রয়োজনীয় কাগজ পত্রাদিসহ সকাল ৯.০০ ঘটিকায় উপস্থিত থাকতে হবে। এলাকার মাইকিং করার প্রস্তাব করা হয়। এব্যাপারে সদস্য ও গ্রাম পুলিশকে নিজ নিজ ওয়ার্ডে প্রচার কার্যক্রম চালানোর জন্য তিনি সকলকে অনুরোধ করেন।	মাইকিং এর প্রস্তাব সর্ব সম্মতি ক্রমে গৃহীত হয়	জনাব মোঃ সাইফুর রহমান (প্যানেল চেয়ারম্যান-১) ও সদস্যবৃন্দ, ০৬ নং পাঁচুড়িয়া ইউপি
০৩	ডেঙ্গুসহ মশাবাহিত রোগ নিয়ন্ত্রনে ২ মাসের কর্ম পরিকল্পনা গ্রহন ও বাস্তবায়ন প্রসঙ্গেঃ সভাপতি সাহেব জেলা প্রশাসকের কার্যালয়, ফরিদপুর, (স্থানীয় সরকার শাখা) ২২-৯-২০২৪ তারিখের ০৫.১২.২৯০০.০১০.২৩.০০৩.২৪-৫০৪ নং আয়করের আলোকে জানান যে, বর্তমানে সারা দেশে ডেঙ্গুসহ মশাবাহিত রোগের প্রকট আকার ধারণ করেছে। এ ব্যাপারে ইউনিয়ন পরিষদের আওতাভুক্ত এলাকায় এডিস মশার প্রজননক্ষেত্র চিহ্নিতকরন, তথ্য সংগ্রহ, সচেতনতামূলক প্রচার প্রচারনা গ্রহন, পরিষ্কার পরিচ্ছন্নতা অভিযান পরিচালনার জন্য সেক্টর ও অস্টেবর ২ মাসের কর্ম পরিকল্পনা গ্রহন করার নির্দেশনা প্রদান করা হয়েছে। এব্যাপারে বিস্তারিত আলোচনা শেষে পরিষদের আওতাভুক্ত এলাকায় এডিস মশার প্রজননক্ষেত্র চিহ্নিতকরন, তথ্য সংগ্রহ, সচেতনতামূলক প্রচার প্রচারনা গ্রহন, পরিষ্কার পরিচ্ছন্নতা অভিযান পরিচালনার জন্য ২ মাস ব্যাপি কর্ম পরিকল্পনা গ্রহন করা হয়। একই সাথে তা বাস্তবায়নের জন্য রূপরেখা প্রনয়ন করা হয়।	উক্ত কর্মপরিকল্পনা সর্ব সম্মতি ক্রমে গৃহীত হয়	জনাব মোঃ সাইফুর রহমান (প্যানেল চেয়ারম্যান-১, সদস্যবৃন্দ গ্রাম পুলিশ গন ০৬ নং পাঁচুড়িয়া ইউপি
০৪	পরিবেশ দূষণ নিয়ন্ত্রন কল্পে সিস্টেম ইউজ প্লাস্টিকের ব্যবহার বন্ধ করন প্রসঙ্গেঃ সভাপতি সাহেব জেলা প্রশাসকের কার্যালয়, ফরিদপুর, (স্থানীয় সরকার শাখা) ২২-৯-২০২৪ তারিখের ০৫.১২.২৯০০.০১০.৯৯.০০৩.২৩-৫০৬ নং আয়করের আলোকে জানান যে, পরিবেশ দূষণ নিয়ন্ত্রন কল্পে মন্ত্রনালয়/বিভাগ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহে তালিকাভুক্ত সিস্টেম ইউজ প্লাস্টিক এর ব্যবহার বন্ধ করতে হবে। তিনি স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রনালয়ের প্রেরিত পত্রখানি পাঠ করে শোনান। এব্যাপারে তিনি সকলকে সচেতনতামূলক প্রচার প্রচারনা গ্রহন করার জন্য অনুরোধ করেন।	উক্ত প্রস্তাব সর্ব সম্মতি ক্রমে গৃহীত হয়	জনাব মোঃ সাইফুর রহমান (প্যানেল চেয়ারম্যান-১) ০৬ নং পাঁচুড়িয়া ইউপি ও সদস্যবৃন্দ
০৫	গত মাসের আয়-ব্যয়ের হিসাব প্রদানও অনুমোদন প্রসঙ্গেঃ সভাপতি সাহেব জানান যে, গত মাসে পরিষদে সাধারণ খাতে ট্রেড লাইসেন্স বাবদ আয় হয়েছে ৫৬০০ টাকা। আনুসঙ্গিক ব্যয় হয়েছে ১৬৮১০ টাকা। সমাপনী উদ্বৃত্ত নগদ ৩৬৫০ টাকা ব্যাংক ১১৫১টাকা। ট্রেড লাইসেন্স বাবদ আয়ের ১৫% ভ্যাট বাবদ ২২৪০ টাকা সরকারী কোষাগারে জমা করা হয়েছে। জন্ম ও মৃত্যু নিবন্ধন খাতে আয়(সরকারী অংশ) হয়েছে ১১২৫ টাকা। যা সরকারী কোষাগারে নির্দিষ্ট কোডে জমা করা হয়েছে।	উক্ত আয় ব্যয়ের হিসাব সর্ব সম্মতি ক্রমে অনুমোদিত হয়	জনাব মোঃ সাইফুর রহমান (প্যানেল চেয়ারম্যান-১) ০৬ নং পাঁচুড়িয়া ইউপি ও সদস্যবৃন্দ

পরিশেষে আর কোন আলোচ্য বিষয় না থাকায় সকলকে আন্তরিক ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।


 মোঃ সাইফুর রহমান)
 প্যানেল চেয়ারম্যান-১

০৬ নং পাঁচুড়িয়া ইউনিয়ন পরিষদ
 আলফাডাঙ্গা, ফরিদপুর।

মোঃ সাইফুর রহমান
 প্যানেল চেয়ারম্যান-১
 ০৬ নং পাঁচুড়িয়া ইউনিয়ন পরিষদ
 আলফাডাঙ্গা, ফরিদপুর।